

## ‘‘জা. বি. উপ-উপাচার্য’’ একের ভেতর তিন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

উপাচার্য নেই, কোষাধ্যক্ষ নেই। এই দুই দায়িত্বসহ নিজের দায়িত্ব পালন করছেন উপ-উপাচার্য। তিনিই ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে সভাপতিত্ব ও বাজেট পেশ করবেন। অধিবেশন বসবে আজ রোববার বিকেল সাড়ে ৩টায় সরকারি ছুটির দিনে।

এমনিভেই এবছর বার্ষিক সিনেট অধিবেশন শুরু হচ্ছে ১৫ দিন দেরিতে। বাজেট পেশ করার কথা ছিল আগামীকেন্দ্র সোমবার, নিয়মানুযায়ী বাজেট পেশ করার কথা কোষাধ্যক্ষের। কিন্তু দীর্ঘ আড়াই মাস ধরে কোষাধ্যক্ষের পদটি শূন্য রয়েছে। ভারপ্রাপ্ত হিসেবে কাজ চালাচ্ছেন উপ-উপাচার্য ডঃ মোঃ শাহাদত আলী। গত ২৪শে জুন উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরী ১ সপ্তাহের সফরে গেছেন হাঙ্গেরি, ফিরবেন আগামী ৩০শে জুনের পর। কিন্তু উপাচার্য নেই বলে উপাচার্যের দায়িত্বও পালন করবেন উপ-উপাচার্য। ফলে উপ-উপাচার্য এখন একের ভেতরে তিন।

আজ বিকেল সাড়ে ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট কক্ষে অনুষ্ঠিত বার্ষিক সিনেট অধিবেশনে তিনিই বাজেট পেশ, কোষাধ্যক্ষের বক্তব্য পাঠ ও অধিবেশনে সভাপতিত্ব করবেন।